

স্মারক নং--৫৭.০৩.০০০০.০২৩.৪১.০০৩.১৭.১২৯

তারিখঃ ১১/০৯/২০১৯খ্রি.


বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য ডিজিটাল ক্লাস কনটেন্ট তৈরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট শ্রেণীকক্ষের পাঠদানকে আকর্ষণীয় ভাবে উপস্থাপনের জন্য সকল বিষয়ে ডিজিটাল কনটেন্ট প্রস্তুত করা আবশ্যিক। যে শিক্ষক যে বিষয়ে ক্লাশে পাঠদান করবেন সে বিষয়ে পূর্ব থেকেই নোট প্রস্তুত করে তা শিক্ষার্থীদের নিকট সরবরাহ করা হলে শিক্ষার্থীগণ পূর্বপ্রস্তুতি গ্রহণ করে ক্লাশে উপস্থিত হলে তাদের পাঠগ্রহণ অধিক কার্যকর হবে।

২। বিষয় এবং অধ্যয় ডিভিক নোট/ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন, জবশীট ইত্যাদি ডিজিটাল কনটেন্ট হিসেবে স্ব স্ব প্রতিষ্ঠান, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রদর্শনের নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে।

৩। যে সকল শিক্ষকের ডিজিটাল কনটেন্ট প্রস্তুত আছে তা স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে আগামী ৩০/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে এবং বাকী সকল ডিজিটাল কনটেন্ট আগামী ৩০/১০/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রস্তুতপূর্বক স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে [dte.ictcell@gmail.com](mailto:dte.ictcell@gmail.com) বরাবরে ইমেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
(রওশনক মাহমুদ)  
অতিরিক্ত সচিব  
ও

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:


- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিসার্স ট্রেনিং কলেজ (টিটিটিসি), ঢাকা।
- ২। অধ্যক্ষ, ময়মনসিংহ/সিলেট/বরিশাল/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট।
- ৩। অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট/ বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/ বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট।
- ৪। অধ্যক্ষ, ডিটিটিআই, বগুড়া।
- ৫। অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।

স্মারক নং--৫৭.০৩.০০০০.০২৩.৪১.০০৩.১৭.১২৯(৪)

তারিখঃ ১১/০৯/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক (পিআইইউ/পিআইডব্লিউ/পরি. ও উন্ন/প্রশাসন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। নথি।

  
(রওশনক মাহমুদ)  
অতিরিক্ত সচিব  
ও

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।